কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা কুতুবপুর ইউনিয়ন বিএনপির রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কমিটির সদস্য ও সংগ্রহ পূর্ণ গঠন উপলক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত আটটার দিকে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে বিএনপি’র আয়োজনে রুদ্রনগর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

এই সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল রহিম, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান তপন, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান সৌরভ, বিএনপি নেতা আবুল হাশেম সহ কুতুবপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কুতুবপুর ইউনিয়ন বিএনপি রুদ্রনগর ১ নং ওয়ার্ডের কর্মী সমাবেশ অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাকে

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে জামায়েতে ইসলামীর গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজ উদ্দিনের নেতৃত্বে মেহেরপুরে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বিকেল পাঁচটার দিকে মেহেরপুর পৌরসভা বড় বাজার এলাকায় এই গণসংযোগ অনুষ্ঠিত হয়।

এসময় জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী মোঃ ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাহবুব উল আলম, রাজনৈতিক সেক্রেটারি মাওলানা কাজী রুহুল আমিন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম, পৌর আমীর সোহেল রানা ডলার, আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল-আমিন বকুল, পৌর জামায়েত ইসলামীর পেশাজীবী সভাপতি ডাঃ আব্দুস সালাম, জেলা ছাত্রশিবিরের সেক্রেটারী মোঃ আব্দুস সালাম, পৌরসভার জামায়েত ইসলাম ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা, সাইফুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন জেলা নেতাকর্মীরা গণসংযোগে অংশগ্রহণ করেন।

মেহেরপুরে কৃষকের ফসলের ন্যায্য মূল্যের দাবীতে মানববন্ধন

আলু, পেঁয়াজ ও কৃষকদের উৎপাদিত অন্যান্য ফসলের ন্যায্য মূল্যের দাবিতে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে বাংলাদেশ কৃষক ঐক্য পরিষদের জেলা শাখার উদ্যোগে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ কৃষক ঐক্য পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি শোয়েইব হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন, কৃষক ঐক্য পরিষদের কেন্দ্রীয় কমিটির ক সহ-দফতর সম্পাদক জাহিদ হোসেন, মেহেরপুর পৌর কৃষক ঐক্য পরিষদের আহবায়ক আব্দুল কাদের, কৃষক মিসের আলী প্রমুখ।

আলুর কোল্ড স্টোরিজের ভাড়া বৃদ্ধির প্রতিবাদ, পেঁয়াজ ও আলুর কমিশন গঠণ, কৃষকদের সংসদে প্রতিনিধিত্বের জন্য সংসদে ও জাতীয় কমিটিগলোতে শতকরা দশভাগ সদস্য অন্তর্ভূক্তি করার দাবী জানান।

মেহেরপুরে সড়কের শৃঙ্খলা ফেরাতে ভ্রাম্যমান আদালতের অভিযান ও জরিমানা

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে শৃঙ্খলা ফেরাতে ও দুর্ঘটনা প্রতিরোধে অভিযান পরিচালনা করেছে ভ্রাম্যমাণ আদালত ও ট্রাফিক পুলিশ।

আজ বুধবার বিকেলে ৫টার দিকে কলেজ মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। এ সময় বৈধ কাগজপত্র না থাকায় ১৪ টি যানবাহনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মোট ১৮ হাজার ২০০ টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, জেলা বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, সার্জেন্ট মোজাফ্ফর সার্জেন্ট মামুন, এটিএসআই মকবুল, এটিআই মান্নান, হালিম, নূর মোহাম্মদ সহ পুলিশের একটি টিম সহায়তা করে।

মোবাইল কোর্ট চলাকালীন সময়ে করোতোয়া কুরিয়ার সার্ভিসের একটি গাড়ি চালকের নিকট থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। নিয়মবহির্ভূতভাবে ট্রাকের কার্গো তৈরির অভিযোগে সড়ক পরিবহন আইন

২০১৮ এর ৪০ এর বিধান লংঘন করায় ৮৪ ধারায় ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়াও হেলমেট বিহীন মোটরসাইকেল চালানো, অবৈধ আলগামনে যাত্রী বহন ও কাঠ বহনসহ গাড়ির বৈধ কাগজপত্র না থাকায় ১৪ টি মামলা করা হয় এবং বিভিন্ন ধারায় ৮ হাজার ২০০ টাকা জরিমানা আদায় করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম বলেন “সড়কের শৃঙ্খলা রক্ষায় আমাদের অভিযান অব্যাহত থাকবে। সাধারণ মানুষের নিরাপত্তার জন্য এধরনের অভিযান চলবে এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে হত্যার ঘটনায় গ্রেপ্তার-১

মেহেরপুর জেলার গাংনীতে তুচ্ছ ঘটনা নিয়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষে হৃদয় হোসেন (২৪) নামে এক ব্যক্তি নিহত হওয়ার পর, স্থানীয় পুলিশ সাবেক ইউপি সদস্য সাইদুর রহমান মিলন (৪৫)-কে গ্রেপ্তার করেছে। আজ বুধবার বিকেলে তাকে গ্রেপ্তার করা হয়। সাইদুর রহমান মিলন গাংনী উপজেলার চরগোয়াল গ্রামের আব্দুর রহমান ওরফে ফুলচাঁদ মাস্টারের ছোট ছেলে।

জানা গেছে, আজ দুপুরে চরগোয়াল গ্রামের গোরস্থানের প্রবেশ গেট ট্রাক্টরের ধাক্কায় ভেঙে যাওয়াকে কেন্দ্র করে দু-পক্ষের মধ্যে বিরোধ তৈরি হয়। এ বিরোধের জেরে রামনগর বাজারে চরগোয়াল গ্রামের শাহাদত হোসেনের ছেলে হৃদয় হোসেনকে হাতুড়ি দিয়ে মাথায় আঘাত করা হয়। স্থানীয় মোটরসাইকেল মেকার জান্নাতের সঙ্গে হৃদয়কে হত্যার কাজে সাইদুর রহমান মিলনও তার লোকজনকে সহযোগিতা করে।

আহত হৃদয় হোসেনকে স্থানীয়রা উদ্ধার করে বামন্দির সেন্ট্রাল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হৃদয়ের মৃত্যু ঘটানোর পর বিক্ষুব্ধ জনতা জান্নাতের মোটরসাইকেল মেকারের ওয়ার্কশপে আগুন ধরিয়ে দেয়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন।

গাংনী থানার ওসি বাণী ইসরাইল বলেন, “জান্নাতের সহযোগী সাইদুর রহমান মিলনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ঘটনার সঙ্গে জড়িত অন্যান্যদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।”

উল্লেখ্যঃ জান্নাতের বিরুদ্ধে একটি অপহরণ মামলা রয়েছে যা আদালতে বিচারাধীন। ২০১৭ সালের ১৭ ডিসেম্বর, দেশীয় তৈরি পিস্তল ও তিন রাউন্ড গুলি সহ সাইদুর রহমান মিলনকে পুলিশ আটক করেছিল এবং অস্ত্র আইনের মামলায় তাকে দশ বছরের কারাদণ্ড দেয়া হয়েছিল। এরপর ২০২১ সালের ৩ মার্চ আবার ইয়াবাসহ সাইদুর রহমান মিলনকে আটক করা হয়।

এছাড়াও, সাইদুর রহমান মিলন ২০১৭ সালে বিএনপি থেকে আওয়ামী লীগে যোগদান করেছিলেন এবং ইউপি নির্বাচনে অংশগ্রহণ করেছিলেন।

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

মুজিবনগরে ইসলামিক সংস্কৃতির নান্দনিক বিকাশ ও নৈতিকতা সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে গত মঙ্গলবার অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও মাদ্রাসার পরিচালক সোহেল রানা এবং প্রিন্সিপাল বায়জিদ হোসেন।

৪৫টি ইভেন্টে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজের প্রায় সাড়ে চারশত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন।

এ সময় মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সংবর্ধনা

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার দুপুরে মুজিবনগর পিকনিক স্পটে বাংলাদেশ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্টস সমিতি মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য সেলিম খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সভাপতি আব্দুল লতিব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য আসিফ আল মোনায়েম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি নাজমুল হুদা, সহ-সভাপতি রফিকুল হাসান (রণ), সহ-সভাপতি কাজী খয়রউদ্দীন আহম্মেদ, এবং নির্বাহী সদস্য মতিউর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য রিনু, বাবর আলী, সাইফুল ইসলাম, আমিনুল ইসলাম (সেন্টু), জালাল উদ্দিন, বেনজির আহমেদ, আব্দুস সালাম, শফিকুল ইসলাম বাবু, শহিদুল ইসলাম, এস এম খাইরুল প্রমুখ।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে তুচ্ছ ঘটনায় দু’গ্রামবাসীর সংঘর্ষে যুবক নিহত

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে সংঘর্ষে হৃদয় হোসেন
(২২) নামের এক যুবক নিহত হয়েছে। পুড়ে গেছে একটি মোটরসাইকেল ওয়ার্কসপ। সেখানে থাকা কয়েকটি মোটরসাইকেল ভষ্মিভুত হয়েছে। এঘটনায় পুলিশের অবেহলাকে দায়ী করছেন এলাকাবাসী।

আজ বুধবার সকাল ১১ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। নিহত হৃদয় হোসেন একই উপজেলার চরগোয়াল গ্রামের সাহাদত আলীর ছেলে।

স্থানীয়রা জানান, রামনগর গ্রামের মিরা ইসলাম একটি নতুন ট্রাক্টর কিনেছেন। তার ছেলে ট্রাকটর নিয়ে চরগোয়াল গ্রামে যায়। এসময় ট্রাক্টরের ধাক্কায় চরগোয়াল গ্রামের একটি ঈদগাহের গেট ভেঙ্গে যায়। ঈদগাহের গেট ভেঙে যাওয়ায় ওই গ্রামের লোকজন ট্রাক্টরের চাবি নিয়ে নেয়। এসময় রামনগর গ্রামের জান্নাত মোটররসাইকেল ওয়ার্কসপে বসে বিষয়টি মিমাংসা করার চেষ্টা করে। এসময় উভয় পক্ষের মধ্যে তর্কবিতর্কের এক পযার্য়ে তুমুল সংঘর্ষ বেঁধে যায়। এতে হৃদয় হোসেন মাথায় লাঠির আঘাত লাগলে সে মাটিতে লুটিয়ে পড়ে। তাকে উদ্ধার করে বামন্দিতে একটি বেসরকারি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এদিকে, হৃদয় হোসেনের মৃত্যুর খবর চরগোয়াল গ্রামে পৌছালে বিক্ষুব্ধ গ্রামবাসী রামনগরের গিয়ে জান্নাতের মোটরসাইকেল ওয়ার্কসপে ভাংচুর, লটুপাট ও অগ্নিসংযোগ করেন। এতে কয়েকটি মোটরসাইকেলসহ পুরো দো্কান পুড়ে ভষ্মিভুত হয়।

তবে চরগোয়াল গ্রামের জাহিদুল ইসলাম নামের এক ব্যক্তি অভিযোগ করে বলেন, জান্নাতের ওয়ার্কসপে বসে মিমাংসার কথাবার্তা হচ্ছিল। এসময় জান্নাত বলে আমার দোকানে কি বলে হাতুড়ি দিয়ে এলোপাতাড়ি মারপিট শুরু করে। তার হাতুড়ির আঘাতে হৃদয়ের মৃত্যু হয়েছে।

তিনি আরও অভিযোগ করেন, ঘটনার শুরুতে খায়রুল নামের এক দারোগাকে ফোন করি। তিনি আসছি আসছি বলে না আসায় এ ঘটনা ঘটেছে। তিনি আসলে হয়তো বড় ধরণের ঘটনা ঘটতো না।

খবর পেয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, গাংনী থানার ওসি বানি ইসরাইলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বর্তমানে এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে।

গাংনী থানার ওসি বানি ইসরাইল বলেন, ঘটনাস্থলে আছি। তদন্ত চলছে।